দৈনিক ইনকিলাব

তারিখ ...........

পৃষ্ঠা ৫ ... কলাম ... ২ ......

NOV. 21 2002

# ঢাবি'তে ৪টি বিভাগে ছাত্রলীগের নতুন কমিটি গঠন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** বাংলাদেশ ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার বিভাগীয় কমিটি গঠন শুরু হয়েছে। এই পর্যন্ত ব্যবস্থাপনা বিভাগ, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ভূতত্ত্ব বিভাগ এবং এ্যাকুয়কালচার ও ফিশারীজ বিভাগে কমিটি ঘোষণা করা হয়েছে। কমিটি ঘোষণা উপলক্ষে আয়োজিত ছাত্র সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগ সভাপতি লিয়াকত সিকদার, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি দেলোয়ার হোসেন এবং সাঃ সম্পাদক হেমায়েতউদ্দীন খান হিমু। বিভাগীয় সম্মেলনে নির্বাচিত নেতৃবৃন্দ হলেন ঃ ব্যবস্থাপনা বিভাগ-সভাপতি- সোহেল রানা, সাধারণ সম্পাদক উৎপল সাহা এবং সাংগঠনিক সম্পাদক সাদিয়া সুলতানা রত্না। রাষ্ট্রবিজ্ঞান বিভাগ সভাপতি- শাহীন মিরা, সাধারণ সম্পাদক- রিপন, ভূতত্ত্ব বিভাগ- সেলিম পারভেজ, ইফতেখার আলম ও পারসা সানজাল মোনালিসা। এ্যাকুয়াকালচার ও ফিশারীজ বিভাগ- মৃনাল কান্তি ও আরাফাত হোসেন।